বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/৩১০ তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

ব্লুমবার্গ এল.পি. এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আগামী ২৫ জুলাই ২০২২ রোজ সোমবার সন্ধ্যা ০৭.০০ ঘটিকায় বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্রে " Nation Branding: Attracting New Talent & Investments Worldwide" শীর্ষক একটি সেমিনারের আয়োজন করতে যাচ্ছে। একটি দেশের ব্র্যান্ডিং করে কিভাবে নতুন মেধা, বিনিয়োগ ও পর্যটন আকর্ষণ করা যায় সে বিষয়ে উক্ত সেমিনারটি আলোকপাত করবে।

উক্ত সেমিনারে সভাপতিত্ব করবেন কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারী শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমান ও বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব জনাব মাসুদ বিন মোমেন।

উক্ত সেমিনারে Mr. Andrew Boggs, Regional Strategy Lead, Bloomberg মূল প্রবন্ধ উপস্থাপন করবেন।

উক্ত সেমিনারে প্যানেল আলোচক হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক ড. সৈয়দ মুন্তাসির মামুন, এফবিসিসিআই এর পরিচালক জনাব আবুল কাশেম খান, ঢাকা স্টক এক্সচেঞ্জের ব্যবস্থাপনা পরিচালক জনাব তারিক আমিন ভূঁইয়া, এফসিসিআই এর সভাপতি জনাব নাসের এজাজ বিজয়, চিটাগাং স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যান জনাব আসিফ ইব্রাহিম, VCPEAB এর প্রেসিডেন্ট জনাব শামীম আহসান, LFMEAB এর সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর অংশগ্রহণ করবেন। উক্ত সেমিনারে প্যানেল আলোচনার সঞ্চালক হিসাবে পলিসি এক্সচেঞ্জ অফ বাংলাদেশ এর চেয়ারম্যান ড. এম. মাসরুর রিয়াজ উপস্থিত থাকবেন।

উক্ত সেমিনারে পুঁজিবাজারের বাজার মধ্যস্থতাকারী, বিভিন্ন দেশের হাইকমিশনার ও অ্যামব্যাসেডর, বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি, আর্থিক খাতের বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থা, বিশিষ্ট গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার প্রতিনিধিবৃন্দ উপস্থিত থাকবেন।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd